# <u>Invitation For Tender Notice No. 27/2020.</u>

<table>
<tr><td>01</td><td>Agency</td><td colspan="3">Biman Bangladesh Airlines Ltd.</td></tr>
<tr><td>02</td><td>Invitation for</td><td colspan="3">b) Appointment of Laundry Contractor for Washing of Biman Blanket and Linen Wares at Chattogram Station.<br>b) Hiring Microbus in General Shift Route ‘C’.</td></tr>
<tr><td>03</td><td>Invitation Ref:</td><td colspan="3">a) 30.34.2015.55.003.2020 Date: 12-01-2020.<br>b) 30.34.0000.063.27.006.20 Date: 25-08-2020.</td></tr>
<tr><td>04</td><td>Tender Document Selling Date</td><td colspan="3">From 09-09-2020 to 23-09-2020 (During office hours).</td></tr>
<tr><td>05</td><td>Tender Closing Date and Time</td><td>Date: 24–09–2020</td><td>Time: 1200 Hrs BST</td><td rowspan="2">Note: The procuring entity reserves the right to accept or reject all tenders without assigning any reason thereof. If any unavoidable situation arises during specified date then tender selling/closing/opening date will be shifted to next (working) day without further notice.</td></tr>
<tr><td>06</td><td>Tender Opening Date and Time</td><td>Date: 24–09–2020</td><td>Time: 1500 Hrs BST</td></tr>
<tr><td>07</td><td>Selling Address of schedule</td><td colspan="3">a. Manager Finance, Biman Flight Catering Centre, Hazrat Shahjalal International Airport, Kurmitola,Dhaka (Hiring Microbus General Shift Route-‘C’&Laundry Contractor).<br>b. Manager Cash & Banking, Balaka Bhaban, Biman Bangladesh Airlines Ltd, Dhaka (Hiring Microbus General Shift Route-‘C’&Laundry Contractor).<br>c. Manager Finance, Chottagram Shah Amanat International Airport, Chottagram (Laundry Contractor).</td></tr>
<tr><td>08</td><td>Receiving Tender Document</td><td colspan="3">a. BFCC Main Security Gate, Hazrat Shahjalal International Airport,Kurmitola, Dhaka.<br>b. Biman Balaka Bhaban, Security counter gate (Ground floor), Hazrat Shahjalal International Airport, Kurmitola, Dhaka.</td></tr>
<tr><td>09</td><td>Price of Tender Schedule</td><td colspan="3">a) BDT 1,000.00 (One thousand) only per set (Non refundable) (Laundry Contractor).<br>c) BDT 2,000.00 (Two thousand) only per set (Non refundable) (Hiring Microbus General Shift Route –‘C’)</td></tr>
<tr><td rowspan="2">10</td><td>1) Location</td><td colspan="2">2) Tender Security Amount (Tk)</td><td>3) Contract Period</td></tr>
<tr><td>BFCC/Hazrat Shahjalal Internatioal Airport, Kurmitola, Dhaka</td><td colspan="2">a) BDT 50,000.00 (Fifty thousand) only (Refundable) (Laundry Contractor)<br>b) BDT 35,000.00 (Thirty five thousand) only (Refundable) (Hiring Microbus General Shift Route-‘C’).</td><td>a) 01 (One) Years<br>b) 02 (Two) years</td></tr>
<tr><td>11</td><td>Procuring Entity & Fund</td><td colspan="3">General Manager, BFCC, Hazrat Shahjalal International Airport, Kurmitola, Dhaka & Biman’s own fund.</td></tr>
<tr><td>12</td><td>Official-Inviting Tender</td><td colspan="3">General Manager, BFCC, Hazrat Shahjalal International Airport, Kurmitola, Dhaka.<br>Phone: 880-2-8901760-64, Fax: 880-2-8901638</td></tr>
<tr><td>13</td><td colspan="4">Tender schedule and other related information will also be available at Biman website: www.biman-airlines.com for ready reference.</td></tr>
</table>

<u>General Manager, BFCC.</u>

# <u>দরপত্র বিজ্ঞপ্তি নং-২৭/২০২০</u>

<table>
<tr><td>০১</td><td>এজেন্সী</td><td colspan="3">বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ।</td></tr>
<tr><td>০২</td><td>কি জন্য আহবান</td><td colspan="3">ক) চট্টগ্রাম স্টেশনে বিমানের কম্বল ও লিনেন আইটেম ধোলাইয়ের নিমিত্বে ঠিকাদার নিয়োগের জন্য দরপত্র আহবান।<br>খ) মাইক্রোবাস ভাড়ার জন্য দরপত্র আহ্বান (জেনারেল শিফটি রম্নট 'সি')।</td></tr>
<tr><td>০৩</td><td>দরপত্র আহবানের সূত্র</td><td colspan="3">ক) ৩০.৩৪.২০১৫.৫৫.০০৩.২০২০ তারিখ: ১২-০১-২০২০ খ্রিঃ<br>খ) ৩০.৩৪.০০০০.০৬৩.২৭.০০৬.২০ তারিখ: ২৫-০৮-২০২০ খ্রিঃ</td></tr>
<tr><td>০৪</td><td>দরপত্র দলিল বিক্রয়ের তারিখ</td><td colspan="3">০৯-০৯-২০২০ খ্রিঃ হইতে ২৩-০৯-২০২০ খ্রিঃ পর্যন্ত্ম (অফিস চলাকালীন সময়)।</td></tr>
<tr><td>০৫</td><td>দরপত্র গ্রহণের তারিখ ও সময়</td><td>২৪-০৯-২০২০ খ্রিঃ</td><td>সময়:১২০০ স্থানীয় সময়</td><td rowspan="2">কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো/সব দরপত্র বাতিল/গ্রহণ, দরপত্র খোলার তারিখ পরিবর্তন করার সর্বময় ক্ষমতা বিএফসিসি কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। যদি দরপত্র খোলার দিন ছুটি থাকে অথবা অনিবার্য কোনো কারণবশতঃ দরপত্র গ্রহণ/খোলা সম্ভব না হয় তাহলে পরবর্তী কার্যদিবস দরপত্র দাখিল ও খোলার বৈধ তারিখ হিসাবে গণ্য করা হবে।</td></tr>
<tr><td>০৬</td><td>দরপত্র খোলার তারিখ ও সময়</td><td>২৪-০৯-২০২০খ্রিঃ</td><td>সময়:১৫০০ স্থানীয় সময়</td></tr>
<tr><td>০৭</td><td>দরপত্র দলিল বিক্রয়কারী অফিস সমূহের নাম ও ঠিকানা</td><td colspan="3">ক) ব্যবস্থাপক অর্থ, বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা (মাইক্রোবাস ভাড়া ও লন্ড্রী ঠিকাদার)।<br>খ) ব্যবস্থাপক ক্যাশ এন্ড ব্যাংকিং, বলাকা ভবন, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ ঢাকা (মাইক্রোবাস ভাড়া ও লন্ড্রী ঠিকাদার)।<br>গ) ব্যবস্থাপক অর্থ, চট্টগ্রাম বিমান স্টেশন, হযরত শাহআমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম (লন্ড্রী ঠিকাদার)।</td></tr>
<tr><td>০৮</td><td>দরপত্র গ্রহণকারী অফিস সমূহের নাম ও ঠিকানা</td><td colspan="3">ক) প্রধান গেইট, বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।<br>খ) বিমান বলাকা ভবন প্রধান গেইট (নীচ তলা), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।</td></tr>
<tr><td>০৯</td><td>দরপত্র দলিলের মূল্য</td><td colspan="3">ক) টাকা ১,০০০.০০ (এক হাজার) মাত্র প্রতি সেট (অফেরতযোগ্য) (লন্ড্রী ঠিকাদার)।<br>খ) টাকা ২,০০০.০০ (দুই হাজার) মাত্র প্রতি সেট (অফেরতযোগ্য) (মাইক্রোবাস ভাড়া জেনারেল শিফ্ট রম্নট-'সি')</td></tr>
<tr><td rowspan="2">১০</td><td>০১) অবস্হান</td><td colspan="2">০২) দরপত্রের জামানতের পরিমাণ টাকা।</td><td>০৩) চুক্তির মেয়াদ</td></tr>
<tr><td>বিএফসিসি/হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।</td><td colspan="2">ক) টাকা ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) মাত্র (ফেরতযোগ্য) (লন্ড্রী ঠিকাদার)।<br>খ) টাকা ৩৫,০০০.০০ (পয়ত্রিশ হাজার) মাত্র (ফেরতযোগ্য) (মাইক্রোবাস ভাড়া জেনারেল শিফট রম্নট-'সি')।</td><td>ক) ০১ (এক) বছর<br>খ) ০২ (দুই) বছর</td></tr>
<tr><td>১১</td><td>দরপত্র সংগ্রহকারী স্বত্বার নাম ও তহবিল</td><td colspan="3">মহাব্যবস্থাপক, বিএফসিসি, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা ও বিমানের নিজস্ব তহবিল।</td></tr>
<tr><td>১২</td><td>অফিসিয়াল দরপত্র আহবানকারী</td><td colspan="3">মহাব্যবস্থাপক, বিএফসিসি, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।<br>ফোন:৮৮০-২-৮৯০১৭৬০-৬৪, ফ্যাক্স: ৮৯০১৬৩৮।</td></tr>
<tr><td>১৩</td><td colspan="4">দরপত্র সিডিউলসহ অন্যান্য আনুষাঙ্গিক সকল তথ্যাদি তাৎক্ষনিকভাবে বিমান ওয়েব সাইটঃwww.biman-airlines.com-এ পাওয়া যাবে।</td></tr>
</table>

<u>মহাব্যবস্থাপক, বিএফসিসি।</u>

REF: 30.34.0000.063.27.006.2020

M/S. ________________________

_____________________________

_____________________________

SUB: **TENDER SCHEDULE AND OTHER TERMS AND CONDITIONS FOR HIRING MICROBUS IN GENERAL SHIFT ROUTE 'C'.**

Ref: a) Tender notice no. **27(b)/2020** dated: 08-09-2020.

b) Cost of Schedule Tk. **2,000.00** (Twothousand) only per set (Non-refundable).

c) Earnest money BDT. **35,000.00** (Thirty five thousand) only(Refundable)

d) Cash receipt No…………………….dated……………..2020.

e) Date & time of dropping the tender: on **24-09-2020**up to 1200 hrs.

f) Date & time of opening the tender: on-**24-09-2020** at1500 hours

Dear tenderer,

Enclosed herewith please find the tender schedule alongwith terms & conditions for Hiring Microbus in General Shift Route-'C'.

You may please participate in the tender, if the terms and conditions are acceptable to you.

For- Biman Flight Catering Centre

Iqbal Ahmed Aliza
General Manager, BFCC
Telephone – 880-2-8901760-64 Ex-30

Enclo: As stated.

বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার
প্রশাসন শাখা।

মাইক্রোবাস ভাড়ার জন্য দরপত্র সিডিউল {দরপত্র নং-২৭(বি)/২০২০}

| |
|---|
| নথি সূত্র নং৩০.৩৪.০০০০.০৬৩.২৭.০০৬.২০তারিখ ২৫-০৮-২০২০খ্রিঃ। |
| দরপত্র দাখিলের তারিখ ও সময়ঃ ২৪-০৯-২০২০ খ্রিঃদুপুর১২০০ঘটিকা। |
| দরপত্র খোলার তারিখ ও সময়ঃ ২৪-০৯-২০২০ খ্রিঃবিকাল১৫০০ঘটিকা। |
| প্রতি সিডিউলের মূল্যঃ ২,০০০.০০ (দুই হাজার) টাকা (অফেরৎযোগ্য)। |
| আর্নেস্টমানিঃ৩৫,০০০.০০ (পয়ত্রিশহাজার) টাকা মাত্র (ফেরতযোগ্য)। |

| বিএফসিসি'র হিসাব শাখা কর্তৃক পূরণ করতে হবে। |
|---|
| দরপত্র সিডিউলটিমেসার্স......................................................................................................... এর অনুকূলে ২,০০০.০০ (দুই হাজার) টাকায় বিক্রি করা হল। বিএফসিসির সিআর নং-......................তারিখ ............................<br><br>হিসাব কর্মকর্তার স্বাক্ষর ...........................<br>সিসি নং-..................তারিখ.................... |

**শর্তাবলীঃ**

০১। গাড়ীর প্রকৃত মালিক/ফার্ম/আইন সম্মত স্বত্বাধিকারীগণ দরপত্র দাখিল করতে পারবেন।

০২। ন্যূনতম ১২ (বার) আসন বিশিষ্ট মাইক্রোবাস সুন্দর উন্নতমানের প্রয়োজনীয় পেইন্টিং, ডেন্টিং কাজ সুষ্ঠভাবে সম্পন্নকৃত ও নির্ভরযোগ্য হতে হবে। নির্বাচিত গাড়ীতে দরজা, ব্রেক, ইন্ডিকেটর লাইট, জানালার কাঁচসহ সিট ইত্যাদি যথাযথভাবে সংযুক্ত থাকতে হবে এবং ইহা প্রকৃত কার্যক্ষম ও সুন্দরভাবে ব্যবহারযোগ্য হতে হবে। গাড়ীর সকল জানালার কাঁচ বন্ধ ও খোলার ব্যবস্থা থাকতে হবে এবং প্রয়োজনে সকল পাশের জানালায় পর্দা ও পর্যাপ্ত সাইড/সিলিং ফ্যানের ব্যবস্থা থাকতে হবে। ২০১২ সালের পূর্বের মাইক্রোবাস গ্রহণযোগ্য নয়।

০৩। দরপত্রের সংগে প্রতি রুট/গাড়ীর জন্য সিডিউল ব্যাংক হতে আর্নেষ্ট মানি হিসাবে **টাকা ৩৫,০০০.০০** (পয়ত্রিশ হাজার) (ফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ব্যাংক কর্তৃক ইমবসড অথবা নট ওভার টাকা কথাটি লিখিত থাকতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গন্য হবে। দরপত্র দাতা সরকারী সংস্থা হলে আর্নেষ্ট মানি প্রদান বাধ্যতামূলক নহে। দরপত্রের মেয়াদকাল দরপত্র দাখিলের তারিখ হতে ১৮০ (একশত আশি) দিনের জন্য বৈধ থাকবে।

০৪। বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টারের নিরাপত্তা গেটে রক্ষিত একটি বাক্সে এবং বিমান বলাকা ভবনের নীচ তলা নিরাপত্তা গেটে একটি রক্ষিত দরপত্র বাক্সের যে কোন একটিতে সীলমোহরকৃত দরপত্র আগামী **২৪-০৯-২০২০খ্রিঃ** তারিখ সকাল ০৯০০ ঘটিকা হতে দুপুর ১২০০ ঘটিকা পর্যন্ত ফেলা যাবে। দরপত্র বাক্স বন্ধের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্র বাক্স ঐ দিনই বিকাল ১৫০০ ঘটিকার সময় বিএফসিসির কনফারেন্স রুমে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৫। নোটারী পাবলিক অথবা ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন সনদ, আপ-টু-ডেট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট, ট্যাক্স টোকেন, রুট পারমিট, ফিটনেস সনদপত্র, বীমা সনদপত্র ইত্যাদি (স্পষ্ট ফটোকপি) যথাযথভাবে সত্যায়িত করে দরপত্রের সংগে দাখিল করতে হবে এবং দরপত্র খোলার সময় তাৎক্ষনিক পরীক্ষার জন্য উল্লেখিত কাগজপত্রের মূলকপি দরপত্র দাতার সংগে রাখতে হবে।

০৬। দর কথায় ও অংকে লিখিত হতে হবে দরপত্রে কোন কাটা-কাটি অথবা কারেকটিং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।

০৭। দরপত্র দাতাগণকে ট্রিপ ভিত্তিক ০২ (দুই) বৎসর মেয়াদের গাড়ী ভাড়ার দর উল্লেখ করতে হবে (১ট্রিপ=১পিক-আপ+১ড্রপ)।

০৮। রুটের অনুকূলে মাইলেজ উল্লেখ আছে। নির্ধারিত রুট অনুযায়ী গাড়ী ভাড়া হবে। তবে রুট পরিবর্তন/পরিবর্ধন/সংশোধনের ফলে মাইলেজ অপরিবর্তিত থাকলে ভাড়াও অপরিবর্তিত থাকবে, মাইলেজ ১০% হ্রাস/বৃদ্ধির ফলে ভাড়া হ্রাস/বৃদ্ধি হবে না। তবে ১০% এ অধিক হ্রাস/বৃদ্ধি হলে ভাড়া আনুপাতিক হারে হ্রাস/বৃদ্ধি পাবে।

চলমান পাতা-০২

০৯। সংস্থার প্রয়োজনে জরুরী ভিত্তিতে স্বল্প মেয়াদের জন্য গাড়ীর প্রয়োজন হলে নির্ধারিত মাইলেজের ভাড়ায় অথবা সমরুটের ভাড়ার ভিত্তিতে দরদাতাগণ গাড়ী সরবরাহ করতে বাধ্য থাকবেন।

১০। কোন ট্রিপ এর জন্য গাড়ী সরবরাহ করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঠিকাদার ঐ ট্রিপ এর জন্য নির্ধারিত ভাড়ার দ্বিগুন জরিমানা দিতে বাধ্য থাকবেন এবং উক্ত অর্থ প্রদেয় বিল হতে কর্তন করা হবে। তবে হরতাল বা এরূপ কোন কারনে উক্ত জরিমানা প্রযোজ্য হবে না।

১১। বিএফসিসি'র উপ-ব্যবস্থাপক/সহকারী ব্যবস্থাপক/কনিষ্ঠ কর্মকর্তাদের পিক-আপ/ড্রপের সময় গাড়ীর সম্মুখ ভাগে বিএফসিসির কর্মকর্তা পিক-আপ/ড্রপ রুট নম্বর সম্বলিত সাইনবোর্ড প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তবে পিক-আপ/ড্রপ শেষ হওয়ার পর উক্ত সাইনবোর্ড প্রদর্শন করা যাবে না।

১২। সিডিউলে বর্ণিত সময়-সূচী অনুযায়ী গাড়ী প্রতি কার্যদিবসে সরবরাহ করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তাদের পিক-আপ করে সিডিউলে বর্ণিত নির্ধারিত সময়ে পৌঁছাতে ব্যর্থ হলে অথবা সিডিউলে বর্ণিত সময়ের পরে ড্রপের জন্য গাড়ী প্রদান করা হলে প্রযোজ্য ক্ষেত্রে ১০% হারে জরিমানা প্রযোজ্য হবে যা বিল হতে কর্তন করা হবে।

১৩। একজন দরদাতা যে কোন সংখ্যক রুটের জন্য দরপত্র দাখিল করতে পারবেন। তবে প্রত্যেকটি রুটের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করতে হবে।

১৪। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ঠিকাদার প্রয়োজনীয় ড্রাইভার, হেলপার, ইকুইপমেন্ট, জ্বালানী ইত্যাদি খরচ নিজে বহন করবেন এবং গাড়ী রাস্তায় চলাচলের অনুপযোগীতার জন্য দায়ী থাকবেন। গাড়ীর সকল প্রকার ট্যাক্স ও রক্ষনাবেক্ষণের খরচ এবং বীমার প্রচলিত বিধি মোতাবেক বীমা সংক্রান্ত সকল প্রকারের বীমা দাবী ও দায়দায়িত্ব ঠিকাদার/প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

১৫। বিএফসিসি সংশ্লিষ্ট সরবরাহকারীকে ০১ মাসের (৩০ দিন) লিখিত নোটিশ প্রদান পূর্বক চুক্তি বাতিল করতে পারবে। তাছাড়াও উক্ত চুক্তিপত্রের কোন উল্লেখযোগ্য ধারার গুরুতর লঙ্ঘন হলে বিএফসিসি তাৎক্ষনিকভাবে চুক্তিনামা বাতিল করতে পারবে। চুক্তি বাতিলের পর বকেয়া (যদি থাকে) আর্থিক দায়-দায়িত্ব বাতিল হবে না।

১৬। গাড়ী নিয়মিত প্রদান না করলে, ড্রাইভারের আচরণ খারাপ হলে, চুক্তি মোতাবেক অনুমোদিত গাড়ী সরবরাহ না করলে, সার্ভিস সন্তোষজনক না হলে ইত্যাদি কারণে সংশ্লিষ্ট সময়ের বিল হতে ২০% হারে জরিমানা কর্তন করা হবে এবং একই ধরণের কারণ বা আচরণ নিয়মিত বা বারবার হলে বা গুরুতর কোন অভিযোগের প্রেক্ষিতে নিরাপত্তা জামানতের অর্থ সম্পূর্ণ বাজেয়াপ্তসহ চুক্তি বাতিলের নোটিশ প্রদান করা হবে।

১৭। সকল দরাদাতাকে গাড়ী ভাড়ার চুক্তির মেয়াদ উত্তীর্ণ না হওয়া পর্যন্ত চুক্তিকৃত রুট/গাড়ীর জন্য নিরাপত্তা জামানত হিসাবে সেই কাজের উপর ৫% হারে বিএফসিসির নিকট জমা রাখতে হবে। সন্তোষজনকভাবে মেয়াদকাল উত্তীর্ণ হলে সুদ ছাড়া নিরাপত্তা জামানতের টাকা একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে ফেরত দেওয়া হবে। নিরাপত্তা জামানতের টাকা বুঝে পাওয়ার পর দরপত্রের সঙ্গে প্রদত্ত আর্নেষ্টমানি ফেরত দেয়া হবে।

১৮। তফসিলে বর্ণিত গাড়ী কোন কারণে অচল হলে অনুরূপ মানের গাড়ী বদলী হিসাবে সরবরাহ করা যাবে, যা এক নাগারে ১৫ (পনের) দিনের অধিক হবে না এবং নির্দিষ্ট চুক্তিকালীন সময়ের মধ্যে গাড়ীর সার্বিক অবস্থা খারাপ হলে গাড়ীর মালিক ১৫ (পনের) দিনের মধ্যে গাড়ী মেরামত করতে বাধ্য থাকবেন, অন্যথায় কর্তৃপক্ষ ০৬ (ছয়) মাসের নোটিশ জারী করে চুক্তি বাতিল করতে পারবেন এবং নিম্নমানের গাড়ী সরবরাহের জন্যনিম্মমানেরগাড়ীর সরবরাহকালীন সময়ের বিল হতে ২৫% হারে জরিমানা কর্তন করা হবে।

১৯। পিক-আপ/ড্রপ চলাকালীন অবস্থায় সংশ্লিষ্ট মাইক্রোবাসটি যান্ত্রিক বা অন্য যে কোন কারনে অচল হয়ে গেলে সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক সমমানের অন্য কোন মাইক্রোবাস দ্বারা তাদের পিক-আপ/ড্রপ সম্পন্ন করতে হবে। অন্যথায়, ঐ ট্রিপ এর জন্য নির্ধারিত ভাড়ার দ্বিগুন জরিমান ধার্য করা হবে।

২০। প্রথম ০৩ (তিন) মাসের গাড়ী সরবরাহ ও সার্বিক সেবার মান বিএফসিসি ব্যবস্থাপনার দৃষ্টিতে সন্তোষজনক বিবেচিত না হলে উক্ত রুটের জন্য নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করা হবে এবং চুক্তিপত্র আপনা-আপনি বাতিল হয়েছে মর্মে গণ্য হবে যা পত্র মারফত কোন নোটিশ ছাড়াই অপর পক্ষকে (ঠিকাদার) অবহিত করা হবে।

২১। সি আর এর কপি সমেত দরপত্র নিজস্ব লেটারহেড প্যাডে (ফটোকপি অথবা কম্পিউটার কম্পোজ গ্রহণযোগ্য নয়) আবেদপত্র দরপত্রের সঙ্গে অবশ্যই সংযুক্ত করা হবে। আবেদনকারী পূর্ণ নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, টেলিফোন নম্বর, অফিস ও আবাসিক (যদি থাকে) অবশ্যই লেটারহেড প্যাডে উল্লেখ করতে হবে।

চলমান পাতা-০৩

২২। দরপত্রের সাথে দাখিলকৃত কোন মিথ্যা/ভূয়া কাগজপত্র দাখিলের জন্য আর্নেষ্টমানি বাজেয়াপ্ত হবে এবং নির্বাচিত ব্যক্তি বা ফার্মের বিরুদ্ধে পরবর্তীতে যদি কোন জালিয়াতি বা ভূয়া কাগজপত্র প্রমানিত হয়, সেক্ষেত্রে নিরাপত্তা জমানতের অর্থ বাজেয়াপ্ত সহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৩। দরপত্রদাতাগণ দরপত্র খোলার পর ০৭ (সাত) দিনের নোটিশে যে কোন দিন তাদের প্রস্তাবিত গাড়ী/গাড়ী সমূহ বিএফসিসি কমিটি কর্তৃক ইন্সপেকশন করানোর জন্য বাধ্য থাকবেন। গাড়ী/গাড়ী সমূহ উপযুক্ত ও সন্তোষজনক বিবেচিত না হলে তার দরপত্র বিবেচিত হবে না।

২৪। নিবন্ধিকরন নাম্বার ব্যতীত শো-রুমের গাড়ী গ্রহণযোগ্য হবে না।

২৫। নির্বাচিত ঠিকাদারগণ তাদের গাড়ীর চালক এবং হেলপারদেরকে অবশ্যই পরিস্কার এবং রুচি সম্মত প্যান্ট ও শার্ট পরিহিত অবস্থায় ডিউটি পালনে নির্দেশ প্রদান করতে হবে।

২৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার কর্তৃক ষ্টপেজ এবং রুট দীর্ঘ/সংক্ষিপ্ত/পরিবর্তন সহ যে কোন দরপত্র কোন কারন ব্যতিরেকেই গ্রহণ বা প্রত্যাখান করার সকল অধিকার সংরক্ষণ করেন।

২৭। চুক্তির যে কোন শর্ত ভঙ্গের কারনে কোন অভিযোগ উত্থাপিত হলে উভয়পক্ষ পারস্পরিক সমঝোতার ভিত্তিতে বিষয়টি নিস্পত্তি করবেন। নিস্পত্তি না হলে উভয় পক্ষ বিরোধীয় বিষয়টি নিস্পত্তির ক্ষমতা মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপককে/সংশ্লিষ্ট পরিচালক বিএফসিসি এর নিকট অর্পন করবেন এবং মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক একক আরবিট্রেটর হিসাবে বিষয়টি নিস্পত্তি করবেন যা আরবিট্রেশন এ্যাক্ট ১৯৪০ (সংশোধিত) মোতাবেক পরিচালিত হবে।

২৮। সকল দরদাতাদের দরপত্র কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ার পর দরদাতাদের সহিত নির্দিষ্ট পর্যায়কালের জন্য চুক্তি সম্পাদন করা হবে। চুক্তিকালীন নির্ধারিত কারণ ব্যতীত দর বৃদ্ধির কোন প্রকার প্রস্তাব বিবেচিত হবে না।

২৯। দরপত্র দাখিলের পর যদি কোন দরদাতা গাড়ী পরিদর্শন করাতে ব্যর্থ হন/গাড়ী পরিদর্শনের জন্য অপারগতা প্রকাশ করেন অথবা গাড়ী পরিদর্শনের পর গাড়ী সরবরাহ করতে ব্যর্থ হন/অপারগতা প্রকাশ করেন তাহলে দরপত্রের সাথে প্রদত্ত আর্নেষ্ট মানি/জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে।

৩০। সরকারীভাবে জ্বালানীর মূল্য বৃদ্ধি পেলে চুক্তিকালীন দরদাতা/সরবরাহকারীর আবেদনের প্রেক্ষিতে বিএফসিসি কর্তৃক তা সমান হারে সমন্বয় করা হবে।

৩১। সরকার কর্তৃক নির্ধারিত ভ্যাট/ট্যাক্স দরদাতা/সরবরাহকারীর বিল হতে সময় সময় আদায়/কর্তন করা হবে। সরকারীভাবে ভ্যাট/ট্যাক্স বৃদ্ধির ফলে ব্যয় বৃদ্ধি পেলে চুক্তিকালীন দরদাতা/সরবরাহকারীর আবেদনের প্রেক্ষিতে বিএফসিসি কর্তৃক তা সমান হারে সমন্বয় এর ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩২। উপরোক্ত শর্তাবলী যথাযথভাবে পূরন করে দরপত্র দাখিল করতে হবে। কোন একটি বা একাধিক শর্ত পূরণ না হলে দরপত্র বাতিল বলে বিবেচিত হতে পারে।

ইকবাল আহমেদ আলীজা
মহাব্যবস্থাপক, বিএফসিসি।
টেলিফোন: ৮৮০-২-৮৯০১৭৬০-৬৪সম্প্রঃ৩০

চলমান পাতা-০৪

## রুটের বিবরণঃ

| ক্রমিক নং | রুট নং | রুটের বিবরণ | মাইলেজ (ওয়ানওয়ে প্রায়) |
|---|---|---|---|
| ০১। | জেনারেলশিফটি রুট-'সি' | ১ম পিক-আপ পয়েন্ট হতে ছাড়ার সময় - ০৭৩০ ঘটিকা<br>বিএফসিসিতে পৌছানোর সময় - ০৯০০ ঘটিকা<br>বিএফসিসি হতে ছাড়ার সময় - ১৭০০ ঘটিকা<br><br>যাত্রাবাড়ি, স্বামীবাগ (মিতালিস্কুল), মুগদা, মালিবাগ রেইলগেট, রামপুরা, বাড্ডা, বসুন্ধরা আবাসিক এলাকা, খিলক্ষেত (লেকসিটি কনকর্ড)-বিএফসিসি | ৩০কিলোমিটার |

## দরদাতা কর্তৃক পূরণ করতে হবে

| রুট নং | গাড়ীর রেজিঃ নং, মডেল ও আসন সংখ্যা | ইঞ্জিন নং ও চেসিস নং | ট্রিপ প্রতি দর (অংকে) | ট্রিপ প্রতি দর (কথায়) |
|---|---|---|---|---|
| | | | | |

০১ (এক) ট্রিপ = ০১ টি পিক-আপ + ০১ টি ড্রপ।

দরদাতার স্বাক্ষর

## দরদাতার অঙ্গীকারনামা

আমি.................................................................... এই মর্মে অঙ্গীকার করছি যে, অত্র টেন্ডার সিডিউলে বর্ণিত সকল শর্তাবলী মেনে দরপত্র দাখিল করলাম এবং পরবর্তীতে মেনে চলতে বাধ্য থাকব। আমার অফারের সাথে যে সকল তথ্য/তথ্যাবলী প্রদান করেছি তা এবং দলিলাদির সমর্থনে যে সকল ফটোকপি সমূহ প্রদান করেছি উহাতে যদি কোন ব্যতিক্রম/ভুল/প্রতারনামূলক কিছু পাওয়া যায় তবে সে কারনে দরপত্র অথবা চুক্তি বাতিল করা হলে আমি/আমরা কোন প্রকার আপত্তি/আইনগত ব্যবস্থা গ্রহণ ছাড়াই তা মেনে নিতে বাধ্য থাকব।

দরদাতার স্বাক্ষর ও তারিখ

স্বাক্ষরকারীর নাম :--------------------------------
প্রতিষ্ঠানের নাম :--------------------------------
ঠিকানা :--------------------------------
----------------------------------
টেলিফোন নং :--------------------------------

প্রতিষ্ঠানের সীলমোহর